# Hortex Foundation

**Horticulture Export Development Foundation**

Patronized by the Ministry of Agriculture, Govt. of Bangladesh

**স্মারক নম্বর: হর্টেক্স/ব্যবস্থাপনা পরিচালক নিয়োগ/ ২০২৬-৭৮৪** **তারিখ: ১৪/০১/২০২৬**

## নিয়োগ বিজ্ঞপ্তি

হর্টেক্স ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক পদে নিয়োগের জন্য উপযুক্ত প্রার্থীদের নিকট হতে আবেদনপত্র আহবান করা হচ্ছে। হর্টেক্স ফাউন্ডেশন গভর্নিং বডির অনুমোদনের সাপেক্ষে যোগ্য প্রার্থীকে প্রথম মেয়াদে সর্বোচ্চ তিন বছরের জন্যে উক্ত পদে নিয়োগ দেয়া হবে। আগ্রহী প্রার্থীকে আগামী **২৫ জানুয়ারি ২০২৬** তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে চেয়ারম্যান, হর্টেক্স ফাউন্ডেশন বরাবরে আবেদন করতে হবে। আবেদনপত্র ই-মেইলে অথবা সরাসরি হর্টেক্স ফাউন্ডেশন অফিসে জমা দেওয়া যেতে পারে।

১) আবেদনপত্রের সাথে সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের ছবি, সকল শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত সনদপত্র, অভিজ্ঞতার সত্যায়িত সনদ, এনআইডি সনদ, পাসপোর্ট কপি (যদি থাকে) সহ অন্যান্য প্রয়োজনীয় সনদপত্রের ফটোকপি অথবা স্ক্যান কপি সংযুক্ত করতে হবে। আবেদনপত্রে রেফারেন্স হিসেবে ০২ জন বিশিষ্ট ব্যক্তির ই-মেইলসহ নাম ঠিকানা উল্লেখ করতে হবে।

২) বয়স সীমা: অনুর্ধ্ব ৬১ (একষট্টি) বৎসর।

৩) যোগ্যতা:

(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কৃষি/কৃষি অর্থনীতি/কৃষি ব্যবসা ব্যবস্থাপনা/ব্যবসা প্রশাসন/বিপণন ইত্যাদি বিষয়ে স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি অথবা বিবিএ ও এমবিএ ডিগ্রি থাকতে হবে। কোন পরীক্ষায় ৩য় শ্রেণী/সিজিপিএ ৩ এর নিচে গ্রহণযোগ্য নয়।

(খ) প্রার্থীকে সরকারি প্রতিষ্ঠানে ১ম/২য়/৩য় গ্রেড পদ মর্যাদা সম্পন্ন চাকরিরত / অবসর প্রাপ্ত কর্মকর্তা অথবা প্রতিষ্ঠিত বেসরকারি প্রতিষ্ঠানের ব্যবস্থাপনায় নিয়োজিত থাকার অভিজ্ঞতা থাকতে হবে।
(গ) জনবল ও আর্থিক ব্যবস্থাপনায় অভিজ্ঞ হতে হবে এবং সরকারি/বেসরকারি প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ রক্ষায় পারদর্শী হতে হবে।
(ঘ) ন্যূনতম চাকরির অভিজ্ঞতা ২৫ বছর।
(ঙ) নীতিমালা, পথনক্সা, সমঝোতা স্মারক এবং প্রকল্প/প্রোগ্রাম ধারণাপত্র (Concept Note) প্রণয়নের অভিজ্ঞতা থাকতে হবে।
৪) বেতন স্কেল: টাকা ৬৬০০০-৬৮৪৮০-৭১০৫০-৭৩৭২০-৭৬৪৯০-৭৯২৬০ এবং অন্যান্য ভাতাদি।
৫) বাছাই কমিটি হর্টেক্স ফাউন্ডেশনের কর্মচারী চাকরিবিধি অনুযায়ী উপযুক্ত প্রার্থী বাছাই করে নিয়োগের জন্য সুপারিশ করবে।

### ব্যবস্থাপনা পরিচালকের কর্ম পরিধি:

- হর্টেক্স ফাউন্ডেশনকে একটি কার্যকর, দক্ষ ও শক্তিশালী প্রতিষ্ঠান হিসেবে গড়ে তুলতে ব্যবস্থাপনা পরিচালক মুখ্য ভূমিকা পালন করবে।
- হর্টেক্স ফাউন্ডেশনের মেমোরেন্ডাম এ্যান্ড আর্টিক্যালস অব এসোসিয়েশন, জনবলের চাকরি বিধিমালা সংশোধনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা।
- হর্টেক্স ফাউন্ডেশনের প্রধান নির্বাহী অফিসার হিসেবে ফাউন্ডেশনের সকল প্রশাসনিক, আর্থিক কার্য সম্পাদন ও বিভিন্ন কর্মসূচি/প্রকল্প/প্রোগ্রাম বাস্তবায়ন করা।
- পরিচালনা পর্ষদের সভা আয়োজন এবং সভায় অংশগ্রহণ করে নীতি প্রণয়নে পরিচালনা পর্ষদের পরিচালকবৃন্দকে সহায়তা করা এবং নীতি বাস্তবায়নে কার্যকর পদক্ষেপ গ্রহণ করা।
- হর্টেক্স ফাউন্ডেশনের নিজস্ব বার্ষিক বাজেট, বার্ষিক উন্নয়ন পরিকল্পনা, প্রকল্পের বার্ষিক উন্নয়ন কর্মসূচি, ক্রয় ও প্রশিক্ষণ পরিকল্পনা প্রণয়ন এবং বাস্তবায়ন করা।
- হর্টেক্স ফাউন্ডেশনের গ্রেড-২ হতে গ্রেড-১১ পর্যন্ত জনবল পরিচালনা পর্ষদ এর অনুমোদন সাপেক্ষে নিয়োগ দেওয়া।
- হর্টেক্স ফাউন্ডেশনের কর্মচারিদের দক্ষতা উন্নয়নে কর্মসূচি গ্রহণ ও বাস্তবায়ন করা।

Sech Bhaban (3rd Floor), 22 Manik Mia Avenue, Sher-e-Bangla Nagar, Dhaka-1207, Bangladesh
Telephone: +88-02-48113239 (Direct), PABX: +88-02-48118923, Hotline: +88-01511579579, e-mail: hortex@hortex.org
Website: www.hortex.org; Web Portal: https://hortex.portal.gov.bd; e-Commerce Portal: https://hortexbazarbd.com

- হর্টেক্স ফাউন্ডেশনের লক্ষ্য বাস্তবায়নে সংশ্লিষ্ট সরকারি/বেসরকারি ও উন্নয়ন সহযোগি প্রতিষ্ঠানসমূহের সাথে সমন্বয় সাধন করা।
- হর্টেক্স ফাউন্ডেশনের সকল স্থাবর/অস্থাবর সম্পত্তি রক্ষণাবেক্ষণ করা।
- হর্টেক্স ফাউন্ডেশনের কার্যালয় আধুনিক ও ডিজিটাল রুপে রুপান্তর করা।
- পরিচালনা পর্ষদের অনুমোদন সাপেক্ষে প্রকল্পের পরামর্শক/স্বল্প মেয়াদী পরামর্শক নিয়োগ দেওয়া।
- পরিচালনা পর্ষদ, সাধারণ পর্ষদের নিয়মিত সভা আয়োজন করা এবং সভার কার্যবিবরণী প্রণয়ন ও বাস্তবায়ন করা।
- হর্টেক্স ফাউন্ডেশন এর বার্ষিক রিপোর্ট প্রণয়ন করা।
- কৃষিপণ্য রপ্তানি ও বাজার সংযোগ উন্নয়নে প্রয়োজনীয় কর্মসূচী প্রণয়ন ও বাস্তবায়ন করা।
- পরিচালনা পর্ষদ এবং সাধারণ পর্ষদ এর নির্দেশমতে অন্যান্য কার্য সম্পাদন করা।

14.01.2026

ড. মুহাম্মদ জাহাঙ্গীর আলম
যুগ্মসচিব (আইসি অধিশাখা), কৃষি মন্ত্রণালয় ও
ব্যবস্থাপনা পরিচালক (অতি.দায়িত্ব), হর্টেক্স ফাউন্ডেশন
hortex@hortex.org, hortex@hortex.gov.bd

**স্মারক নম্বর: হর্টেক্স/ব্যবস্থাপনা পরিচালক নিয়োগ/ ২০২৬-৭৮৪** **তারিখ: ১৪/০১/২০২৬**

**অনুলিপিঃ**

**ক) সদয় জ্ঞাতার্থে:**

১। সচিব, কৃষি মন্ত্রণালয় এবং চেয়ারম্যান, হর্টেক্স ফাউন্ডেশন, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০ (দৃঃআঃ সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়), হর্টেক্স ফাউন্ডেশনের ১৩৩ তম পরিচালনা পর্ষদ সভার সিদ্ধান্ত মোতাবেক ব্যবস্থা গৃহীত হলো।
২। অতিরিক্ত সচিব (পিপিসি অনুবিভাগ), কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
৩। অতিরিক্ত সচিব (সম্প্রসারণ অনুবিভাগ), কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
৪। অতিরিক্ত সচিব (প্রশাসন অনুবিভাগ), কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
৫। উপসচিব, সম্প্রসারণ-৪ শাখা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।

**খ) সদয় জ্ঞাতার্থে ও নোটিশ বোর্ডে উপস্থাপনের নির্দেশদানের অনুরোধসহ অনুলিপি প্রেরিত হলো:**

১। চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।
২। ভাইস চেয়ারম্যান (অতিরিক্ত সচিব), রপ্তানি উন্নয়ন ব্যুরো, টিসিবি ভবন (৫ম তলা), কারওয়ান বাজার, ঢাকা-১২১৫।
৩। মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা-১২১৫।
৪। মহাপরিচালক (অতিরিক্ত সচিব), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা-১২১৫।
৫। নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল (বিএআরসি), ফার্মগেট, ঢাকা-১২১৫।
৬। মহাপরিচালক, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বিএআরআই), গাজীপুর-১৭০১।
৭। মহাপরিচালক, বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট, মানিক মিয়া এভিনিউ, ঢাকা-১২০৭।
৮। প্রোগ্রাম কো-অর্ডিনেটর, প্রোগ্রাম কো-অর্ডিনেশন ইউনিট, পার্টনার প্রোগ্রাম, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
৯। হর্টেক্স ফাউন্ডেশন, বিএডিসি নোটিশ বোর্ড।

**গ) প্রয়োজনীয় কার্যার্থে:**

১। যুগ্ম-পরিচালক (বিপণন), হর্টেক্স ফাউন্ডেশন, সেচ ভবন, ঢাকা-১২০৭।
২। পোষ্ট হার্ভেষ্ট স্পেশালিষ্ট, হর্টেক্স ফাউন্ডেশন, সেচ ভবন, ঢাকা-১২০৭।
৩। সহকারী ব্যবস্থাপক (লজিস্টিক্স এ্যান্ড আইসিটি), হর্টেক্স ফাউন্ডেশন, সেচ ভবন, ঢাকা-১২০৭।
৪। সহকারী ব্যবস্থাপক (হিসাব), হর্টেক্স ফাউন্ডেশন, সেচ ভবন, ঢাকা-১২০৭।
৫। জুনিয়র কনসালটেন্ট (ডাটা এনালাইসিস), পার্টনার প্রোগ্রাম, হর্টেক্স ফাউন্ডেশন, সেচ ভবন, ঢাকা-১২০৭।
৬। অফিস কপি।